# মোঃ রফিকুল ইসলাম
## কাউন্সিলর
৩২ নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর ।
মোবাইল ঃ ০১৭১১-৫১৯২৫৩

তারিখঃ 11-12-2023

সূত্রঃ

## "সভার নোটিস"

**বিষয়ঃ** ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (**WLCC**) এর (**অক্টোবর- ডিসেম্বর**, **২০২৩**) চলতি সাধারণ সভার আয়োজন প্রসঙ্গে।

উপরিল্লিখিত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তের অধীনে জাইকা সাহায্যপুষ্ট "সিটি গভর্ণেন্স প্রজেক্ট" (সিজিপি) প্রকল্পের আওতায় গঠিত গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর আপনি একজন সম্মানিত সদস্য সেই লক্ষ্যে আগামী **১৮/১২/২০২৩** ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় আমার কাউন্সিলর অফিসে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর চলতি সাধারণ সভার আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত থেকে আপনার স্বাধীন মতামত প্রদান উল্লেখিত কমিটিকে আরও শক্তিশালী ও কার্যকর ভূমিকা রাখতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**ধন্যবাদান্তে**

11-12-2023
**মোঃ রফিকুল ইসলাম,**
**কাউন্সিলর,**
ওয়ার্ড নং- ৩২, জোন- ০৩,
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

মোঃ রফিকুল ইসলাম
কাউন্সিলর
৩২নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন.

**আলোচ্যসূচীঃ**
১। চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে অবহিতকরণ এবং যথাসময়ে সমাপ্তিকরণ।
২। ড্রেনেজ ব্যবস্থা নিয়ে আলোচনা।
৩। বিবিধ।

# মোঃ রফিকুল ইসলাম

## কাউন্সিলর

৩২ নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর ।

মোবাইল ঃ ০১৭১১-৫১৯২৫৩


তারিখঃ 18.12.2023

সূত্রঃ

৩২ নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (**অক্টোবর- ডিসেম্বর**, **২০২৩**) চলতি সাধারণ সভায় উপস্থিত সদস্য ও সদস্য সচিব এর স্বাক্ষর লিপিবদ্ধ করা হলো।

সভার তারিখঃ **১৮/১২/২০২৩** ইং

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রফিকুল ইসলাম | চেয়ারম্যান | Rafi |
| ২। | জনাব মোসাঃ সালেমা খাতুন | কো-চেয়ারম্যান | Salma |
| ৩। | বীরমুক্তিযোদ্ধা মোঃ জালাল উদ্দিন | সদস্য | [illegible] |
| ৪। | হাজী মোঃ আলম মাদবর | সদস্য | [illegible] |
| ৫। | মোঃ রিটন মিয়া | সদস্য | রিটন মিয়া |
| ৬। | মোঃ খাইরুল ইসলাম | সদস্য | Khairul |
| ৭। | আবু সাঈদ | সদস্য | Sayed |
| ৮। | হাজী মজিবর রহমান | সদস্য | মজিবর রহমান |
| ৯। | মোঃ আব্দুল মিয়া | সদস্য | আব্দুল মিয়া |
| ১০। | মোসাঃ রিনা আক্তার | সদস্য | রিনা আক্তার |
| ১১। | মোঃ জলিল মিয়া | সদস্য | জলিল |
| ১২। | মোসাঃ রোজিনা খাতুন | সদস্য | রোজিনা |
| ১৩। | মোঃ মোশাররফ মন্ডল | সদস্য | [illegible] |
| ১৪। | মোঃ জামান মন্ডল | সদস্য | [illegible] |
| ১৫। | মোঃ আহসান হাবিব নাদিম | সদস্য সচিব | Ahsan Habib |

# মোঃ রফিকুল ইসলাম
কাউন্সিলর
৩২ নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর ।
মোবাইল ঃ ০১৭১১-৫১৯২৫৩

তারিখঃ 18.12.2023

সূত্রঃ

৩২ নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (**অক্টোবর- ডিসেম্বর, ২০২৩**) চলতি সাধারণ সভার কার্যবিবরনীঃ

সভাপতিঃ **মোঃ রফিকুল ইসলাম**
কাউন্সিলর, ৩২ নং ওয়ার্ড,
জাঝর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর-১৭০৪।

সভার স্থানঃ ৩২ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।

সভার তারিখঃ **১৮/১২/২০২৩ ইং**

সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত চেয়ারম্যান, কো-চেয়ারম্যান ও অন্যান্য সদস্যবৃন্দের আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রসঙ্গ লিপিবদ্ধ করা হলো। সভার প্রারম্ভে কমিটির চেয়ারম্যান মহোদয় ৩২ নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) প্রকল্পের উদ্যোগ কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষ্যে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১. | কমিটির ১৪ নং সদস্য মোঃ জামান মন্ডল, বিশ্বরোড-মালেকের বাড়ির রাস্তাটির বেহাল দশা তুলে ধরে আর. সি. সি. ড্রেনসহ আর. সি. সি. রাস্তার অবশিষ্ট কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য জোর দাবী জানান। কমিটির ১৩ নং সদস্য মোঃ মোশাররফ মন্ডলও সামনের বর্ষাকালের আগেই জনগণের বিস্তারিত দুর্দশা উল্লেখ করে রাস্তাটির সম্পন্ন করতে অনুরোধ জানান। | কমিটির চেয়ারম্যান বর্নিত রাস্তাটি এবং ড্রেনের অবশিষ্ট কাজ দ্রুত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে সমাধান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২. | কমিটির ০৯ নং সদস্য মোঃ আব্দুল মিয়া, জাঝর-পাকা ব্রিজের রাস্তার ড্রেনেজ সিস্টেমের প্রয়োজনীয়তা উল্লেখ করে আর. সি. সি. ড্রেন নির্মানের জোর দাবী জানান। | কমিটির চেয়ারম্যান সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে জানান যে, জাপান আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা(জাইকা)'র অর্থায়নে- ক)জাঝর স্ট্যান্ড-পাকা ব্রিজ পর্যন্ত, খ) পাকা ব্রিজ- ঈশ্বড্ডা হয়ে বিশ্বরোড পর্যন্ত, গ) মৈরান মেইন রাস্তাটির আর. সি. সি. ড্রেন নির্মানের কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু হবে। |

# মোঃ রফিকুল ইসলাম
## কাউন্সিলর
৩২ নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
মোবাইল ঃ ০১৭১১-৫১৯২৫৩


সূত্রঃ

তারিখঃ 18.12.2023

| | | |
|---|---|---|
| ০৩. | কমিটির ০৭ নং সদস্য আবু সাঈদ, কাউন্সিলর নির্বাচিত হয়ে ক্ষমতা গ্রহণের পর জনকল্যাণে যেসব নতুন ড্রেন নির্মাণ করা হয়েছে, সেই ড্রেনগুলো রক্ষণাবেক্ষণে কি পদক্ষেপ নেওয়া তা জানতে চেয়ে অত্র কমিটির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বর্নিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কমিটির চেয়ারম্যান ড্রেনেজ ব্যবস্থা সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে সকলে আশ্বস্ত করেন এবং সভায় উপস্থিত সকলকে নির্দিষ্ট স্থানে ময়লা ফেলার জন্য অনুরোধ করেন। |
| ০৪. | সভায় উপস্থিত ৪ নং সদস্য হাজী মোঃ আলম মাদবর, ৩২ নং ওয়ার্ডে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজগুলোর অগ্রগতি সম্পর্কে জানতে চান এবং যে সকল কাজগুলো পেন্ডিং রয়েছে তা দ্রুততার সাথে সম্পন্ন করতে সংশ্লিষ্ট প্রকৌশলীকে জানাতে অনুরোধ করেন। | কমিটির চেয়ারম্যান উন্নয়নমূলক কাজগুলো দ্রুততার সাথে সম্পন্ন করতে সংশ্লিষ্ট প্রকৌশলীকে জানাবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। |

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভায় উপস্থিত সদস্যের পক্ষ থেকে ৩২ নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর জনাব মোঃ রফিকুল ইসলামকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। অদ্যকার সভায় গৃহিত সুপারিশ সম্বলিত সিদ্ধান্ত সমূহ যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা হবে জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

18-12-23

**মোঃ রফিকুল ইসলাম,**
**কাউন্সিলর,**
ওয়ার্ড নং- ৩২, জোন- ০৩,
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

মোঃ রফিকুল ইসলাম
কাউন্সিলর
৩২নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন.